দৈনিক সংবাদ

তারিখ ...22 NOV 1995 ... ...
পৃষ্ঠা ...৫... কলাম ...৬......

[বাংলাদেশ শিক্ষা] তথ্য ও পরি[সংখ্যান ব্যুরো]
ডকুমেন্টেশন কেন্দ্র
২৮/১১/৯৫

# জাল প্রবেশপত্র সরবরাহ প্রধান শিক্ষক জেলহাজতে

ঠাকুরগাঁ, ২১শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– ফাড়াবাড়ী হাই স্কুলের প্রধান শিক্ষক খতিবউদ্দীন আহামদকে প্রতারণা ও জাল প্রবেশপত্র সরবরাহের অভিযোগে ঠাকুরগাঁ সদর থানা আদালতের নির্দেশে গ্রেফতার করে জেল হাজাতে পাঠানো হয়েছে। জানা যায়, হাসিনা বেগম, হালিমা আখতার ও জগদীশ চন্দ্র বর্মণকে প্রধান শিক্ষক ১৯৯৫ সালের এপ্রিল মাসে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় জাল প্রবেশপত্র প্রদান করেন। ১৯৯৫ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার জন্য ওই তিন পরীক্ষার্থী সময়মত ফরম পূরণ করে প্রয়োজনীয় ফিসের টাকা–পয়সা প্রধান শিক্ষককে দিয়ে দেয়। কিন্তু প্রধান শিক্ষক খতিবউদ্দীন আহমদ উল্লেখিত পরীক্ষাথীদের ফরম ও ফিসের টাকা রাজশাহী উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে জমা না দিয়ে নিজ পকেটে রেখে দেন।

তাই বোর্ড কর্তৃপক্ষ ওই তিনজন ছাত্রছাত্রীর নামে কোন প্রবেশপত্র ইস্যু করেনি। কিন্তু প্রধান শিক্ষক ৩ জনকে রুহিয়া কেন্দ্রে পরীক্ষায় বসার জন্য জাল প্রবেশপত্র সরবরাহ করেন। জাল প্রবেশপত্র সহায়তায় পরীক্ষার্থীরা অংশগ্রহণের সুযোগ পেলেও রেজাল্ট প্রকাশের সময় তা ফাঁস হয়ে যায়।

এ ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষের সঙ্গে ৩ জন পরীক্ষার্থী যোগাযোগ করে জানতে পারে যে, প্রধান শিক্ষক তাদের নামে কোন কাগজপত্র ও টাকা বোর্ডে জমা করেননি। পরবর্তীতে হাসিনা বেগম ও হালিমা আখতারের বাবা হাসিরউদ্দীন সরকার বাদী হয়ে ঠাকুরগাঁ সদর থানার প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কোর্টে ফাড়াবাড়ী হাই স্কুলের প্রধান শিক্ষক খতিবউদ্দীন আহমদের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন।